



প্রোফাইল

নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব জাজরীন নাহার বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২৪ ব্যাচের কর্মকর্তা। ২০০৫ সালের ০২ জুলাই সহকারী কমিশনার পদে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এ যোগদান করেন। এরপর সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট পদে জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ ও গাজীপুরে কাজ করেন।

২০০৯ সালে তিনি সহকারী সচিব পদে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে যোগদান করেন। ২০১০ সালের ১৪ নভেম্বর সিনিয়র স্কেলে পদোন্নতি পান। এরপর সিনিয়র সহকারী সচিব পদে তিনি ২০১২ সাল থেকে ১৫ মে ২০১৬ পর্যন্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন। ১৬ মে ২০১৬ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব পদে যোগদান করেন। বর্তমানে তিনি নৌপরিবহন মন্ত্রণালয়ের পায়রা বন্দর শাখায় দায়িত্ব পালন করছেন।

জনাব জাজরীন নাহার বরিশাল জেলার সদর উপজেলায় জন্মগ্রহণ করেন। তিনি বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় হতে ১৯৯২ সালে এস.এস.সি, বরিশাল সরকারি মহিলা কলেজ হতে ১৯৯৪ সালে এইচ.এস.সি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগ হতে বিএ (সম্মান) এবং এম.এ ডিগ্রী লাভ করেন। তাঁর স্বামী মোঃ মনিরুজ্জামান পেশায় প্রকৌশলী। তাঁদের একমাত্র কন্যা সন্তান জাহিন মাধুর্য ওয়াইডব্লিউসিএ উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থী।

জনাব জাজরীন নাহার বিভিন্ন সরকারি সফর, প্রশিক্ষণ, সেমিনারে যোগদানের উদ্দেশ্যে চীন, জাপান, সিঙ্গাপুর, ভিয়েনা, ভারত ও থাইল্যান্ড ভ্রমণ করেছেন।

তিনি অবসরে ক্রিকেট খেলা দেখতে এবং রবীন্দ্রসংগীত ও গজল শুনতে পছন্দ করেন।